**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**19 OCTOBER 2025** **7:45—7:55 PM IST**

==================================================================

১ ) চা জনগোষ্ঠীর শৈক্ষিক , অর্থনৈতিক ও সাংস্কৃতিক বিকাশের দিকে চা জনজাতি সংগঠনের বূমিকা অপরীসীম বলে মুখ্যমন্ত্রীর প্রকাশ ।

২) বাল্য বিবাহ হ্রাস করার ক্ষেত্রে দেশের মধ্যে আসামের শীর্ষ স্থান লাভ ।

৩) রেলসেবাকে অধিক জনমুখী করে তোলার লক্ষে আজ বেশ কিছু সচেতন নাগরিকের আসামের রেল যাত্রীদের সম্মুখীন হোয়া সমস্যা সম্পর্কে প্রকাশ্য আলোচনা ।

৪) আগামীকাল আলোর উৎসব দীপাবলী ও কালীপূজো উপলক্ষে প্রস্তুতি অব্যাহত ।

এবং

৫) শিলচর অম্বিকাপট্টির একটি হেলথ ক্লিনিক থেকে আরো একজন ভূয়ো ডাক্তার গ্রেপ্তার ।

যোরহাট জেলার মরিয়ানি মহাবিদ্যালয় খেলার মাঠে আজ থেকে তিনদিনব্যাপী আসাম চা জনজাতি ছাত্র সংস্থার ২৯ তম দ্বিবার্ষিক অধিবেশন ও আসাম চা জনজাতি মহিলা সমিতির কেন্দ্রীয় দ্বিবার্ষিক সাধারণ অধিবেশন আরম্ভ হয়েছে । অধিবেশনের উদ্বোধনী সভায় মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা উপস্থিত ছিলেন । ড: শর্মা তার ভাষনে বলেন যে আসামের জাতীয় জীবনের অন্যতম শক্তিশালী সংগঠন আসাম চা জনজাতি ছাত্র সংস্থা প্রতিষ্ঠার সময় থেকে চা জনগোষ্ঠী লোকেদের ন্যায্য প্রাপ্তীর দাবীতে সংগ্রাম করে আসছে । ছাত্র সংস্থা জনগোষ্ঠীকে শৈক্ষিক , অর্থনৈতিক , সাংস্কৃতিক ও সামাজিকভাবে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে অবিরত চেষ্টা করে যাচ্ছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । তিনি উভয় সংগঠনকে চা জনগোষ্ঠীর উত্তরণের জন্য কাজ করে যেতে আহ্বান জানান ।

মুখ্যমন্ত্রী ড: শর্মা আসাম বিধানসভায় আগামী ২৫ শে নভেম্বর চা জনজাতি লোকেদের সুবিধার্থে একটি বিল উত্থাপন করা হবে বলে উল্লেখ করে বলেন যে এই বিলের মাধ্যমে চা বাগানের মালিকদের কাছ থেকে লাইনের মাটি চা শ্রমিককে দেওয়ার ব্যবস্থা করা হবে । আসামের প্রতিটি চিকিৎসা মহাবিদ্যালয়ে চা বাগানের শিক্ষার্থীদের জন্য ৪ টি করে আসন সংরক্ষণ করা হবে বলে মুখ্যমন্ত্রী ঘোষনা করেন ।মুখ্যমন্ত্রী বলেন ---

বাইট

---

ভারত ভেষজ ও জৈব প্রুযুক্তি ক্ষেত্রে দেশের আত্মনিভর্রশীলতার প্রচেষ্টায় নতুন অধ্যায়ের সূচণা করে নেফিথ্রমাইসিন নামের স্থানীয় এন্টিবায়টিক বের করা হয়েছে বলে বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তরের মন্ত্রী ড: জিতেন্দ্র সিং জানিয়েছেন । নতুনদিল্লীতে গতকাল একটি চিকিৎসা কর্মশালার উদ্ভোধন করে ড: সিং বলেন যে এই এন্টিবায়োটিক শ্বাস প্রশ্বাসজনিত সংক্রমণ  বিশেষ করে কর্কট রোগী ও অনিয়ন্ত্রিত মধুমেহ রোগীর ক্ষেত্রে অতি ফলপ্রসূ হবে । মন্ত্রী বলেন এ দেশে বৈজ্ঞানিক ও গবেষণার বিকাশের জন্য আত্মনির্ভরশীলতা বিকশিত করে তুলতে হবে । কৃত্রিম বুদ্ধীমত্তাকে ভিত্তি করে হাইব্রিড  ভ্রাম্যমান চিকিৎসালয়গুলি গ্রামীন ও অনলাইন সেবা প্রদান করে সকলের গুণগত স্বাস্থ্য সুনিশ্চিত করেছে বলে ড: সিং মন্তব্য করেন ।

---

আসাম বাল্য বিবাহ হ্রাস করার ক্ষেত্রে দেশের মধ্যে শীর্ষস্থান লাভ করেছে । রাজ্যের কন্যাশিশুদের মধ্যে ৮৪  শতাংশ ও ছেলে শিশুদের মধ্যে ৯১ শতাংশ বাল্য বিবাহ হ্রাস পেয়েছে । মুখ্যমন্ত্রীর কার্যালয় সূত্রে একথা জানানো হয়েছে ।সূত্রে জানানো হয়েছে মহারাষ্ট্র ও বিহারে ৭০ শতাংশ করে , রাজস্থানে ৬৬ শতাংশ ও কর্নাটকে ৫৫ শতাংশ বাল্যবিবাহ হ্রাস পেয়েছে বলে সমীক্ষায় প্রকাশ করা হয়েছে ।

---

রেল পরিষেবাকে আরো জনমূখী করে তুলতে অসম রেলযাত্রী সংস্থার উদ্যোগে আজ গুয়াহাটীতে অনুষ্ঠিত প্রকাশ্য আলোচনা সভায় রাজ্যের রেল

যাত্রীদের সম্মুখিন হওয়া সমস্যা সর্ম্পকে আলোচনা করা হয়েছে । গুয়াহাটীর রাধা গোবিন্দ বরুয়া প্রেক্ষাগৃহে আয়োজিত আলোচনা সভায় অসমে শীঘ্রই বৈদুত্যিক ট্রেন পরিষেবা শুরু করার দাবী উত্থাপন করা হয়েছে । আলোচনা সভায় রাজ্যসভার প্রাক্তন সাংসদ কুমার দীপক দাস , শিক্ষাবিদ শান্তিকাম হাজারিকা , অসম নাট্য সম্মিলনীর নব নির্বাচিত সভাপতি জিতেন শর্মা , আম আদমি পার্টির রাজ্য সভাপতি ডক্টর ভবেন চৌধুরী প্রমূখ অংশগ্রহন করেন ।

---

রাজ্যের বিভিন্ন প্রান্তে আগামীকাল কালীপূজো এবং আলোর উৎসব দীপাবলী পালনের প্রস্তুতি প্রায় সম্পন্ন ।রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য কালীপূজো এবং দীপাবলী উপলক্ষে রাজ্যের জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন এবং পরিবেশের প্রতি লক্ষ্য রেখে উৎসব উদযাপনের আহ্বান জানান ।
বরাক উপত্যকার তিন জেলায়ও আগামীকাল দীপাবলী ও কালীপূজো উপলক্ষে জনসাধারণের মধ্যে উৎসাহ ও উদ্দীপনা পরিলক্ষিত হচ্ছে ।দোকান বাজার ইত্যাদিতে বিক্রেতারা মাটির প্রদীপ , নানা রংয়ের আতশবাজি ইত্যাদির পসরা সাজিয়ে বসেছেন । এ উপলক্ষে দোকান বাজারে ভীড় পরিলক্ষিত হচ্ছে । শিলচর শহরের জানিগঞ্জ , তারাপুর , সোনাইরোড , রংপুর অম্বিকাপট্টি এলাকার রাস্তাগুলো আলোর তোড়নে সাজিয়ে তোলা হয়েছে । গ্রাম শহর সর্বত্র মন্দির বাসগৃহ ইত্যাদিকে আলোর মালায় সাজিয়ে তোলা হয়েছে ।এদিকে বিভিন্ন বারোয়ারী পূজো মন্ডপ সহ মন্দিরগুলোতে কালীপূজোর প্রস্তুতি

অব্যাহত রয়েছে । তারাপুর শিববাড়ীর কালীপূজো  এবছর ৭৫ বছরে পদার্পন করেছে । শিলচর শ্মশান কালীবাড়ী , ফাটকবাজার কালীবাড়ী , মালুগ্রাম ভৈরববাড়ী , রামকৃষ্ণ মিশন , মাসিমপুর অরুণাচল আশ্রম ইত্যাদিতে  কালীপূজোর প্রস্তুতি অব্যাহত ।শিলচর এন আই টি তে এবার ১ লক্ষ ১১ হাজার ১১১ টি প্রদীপ প্রজ্জ্বলন করে দীপোৎসব ২০২৫ উদযাপন করা হবে ।এবছর দীপোৎসবের থিম হচ্ছে ‘অপারেশন সিন্দুর’ ।এছাড়া প্রয়াত সঙ্গীত শিল্পী জুবিন গার্গের প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদনের উদ্দেশ্যে ও এই প্রদীপ প্রজ্জ্বলন করা হবে । উধারবন্দের ইয়ং বয়েজ ক্লাব এবার বিগ বাজেটের পূজোর আয়োজন করছে ।

হাইলাকান্দি জেলায় ও দীপাবলী ও কালীপূজো উৎসব পালনের প্রস্তুতি জোর কদমে চলছে । জেলার বিভিন্ন স্থানে সর্বজনীন কালীপূজো কমিটি গুলোও ব্যাপক আয়োজনের মাধ্যমে পূজোর প্রস্তুতি নিচ্ছে । হাইলাকান্দি পৌরসভার উদ্যোগে পৌরসভা কার্যালয় প্রাঙ্গনে বড় বাজেটের কালীপূজোর আয়োজন করা হয়েছে । এছাড়া ৯ নম্বর ওয়ার্ডের রামনারায়ণ ট্যাংক কালীপূজো কমিটি দক্ষিণেশ্বর মন্দিরের আদলে পূজোমন্ডপ নির্মাণ করেছে ।লালা শহরের আনন্দময়ী সঙ্ঘ ও উদয় সঙ্ঘ কালীপূজো কমিটি বড় বাজেটের পূজোর আয়োজন করেছে । কাটলিছড়া পার্করোড কালীপূজো কমিটি , কাটলিছড়া বাগান কিশলয় ক্লাবের পূজো দর্শনার্থীদের আকর্ষিত করার জন্য প্রস্তুত ।

এদিকে কালীপূজো ও দীপাবলী উৎসব পালনের জন্য শ্রীভূমি জেলাও প্রায় প্রস্তুত ।শ্রীভূমির গাছ কালীবাড়ী , টাউন কালীবাড়ি , সেটেলমেন্ট কালী মন্দিরে , চর বাজারের সন্ধানি সঙ্ঘে পূজোর আয়োজন করা হচ্ছে ।রক্তিমাভো ক্লাবের পূজোর এবারের থিম হচ্ছে অপারেশন সিন্দুর ।

শিলচর পুলিশ অম্বিকাপট্টি এলাকা থেকে আরও একজন ভূয়ো ডাক্তারকে গ্রেপ্তার করেছে ।অম্বিকাপট্টির হেলদি ইউনিক লাইফ ক্লিনিক থেকে বিপুল চন্দ্র নাথ ওরফে ডাঃ বি সি নাথ নামের ভূয়ো ডাক্তার কে চিকিৎসারত অবস্থায় গ্রেপ্তার করা হয়েছে এবং নথিপত্র বাজেয়াপ্ত করা হয়েছে ।এই বিষয়ে পুলিশ সুপার নোমাল মাহাত জানান --- **বাইট**

---

আসাম রাইফেলসের স্পেয়ার কর্পস গতকাল মিজোরামের চম্পাই জেলার বাফাই এলাকায় গতকাল এক অভিযান চালিয়ে বৃহৎ পরিমানে বিস্ফোরক সামগ্রী বাজেয়াপ্ত করেছে ।এই সামগ্রীগুলোর মধ্যে রয়েছে ৫ হাজার ৮০০ টি জিলেটিন রড , ১০ হাজার ৫০০ মিটার কর্ডটেক্স , ৬ হাজার ডিটোনেটর । একটি বলেরো গাড়িতে করে এই সামগ্রীগুলো নিয়ে যাওয়া হচ্ছিল । এই ঘটনায় দুজন সরবরাহকারীকে গ্রেপ্তার করা হয়েছে ।

---

করিমগঞ্জ জেলা কংগ্রেস কমিটির উদ্যোগে আজ শ্রীভূমি শহরের ইন্দিরা ভবনে প্রয়াত সঙ্গীত শিল্পী জুবিন গর্গকে শ্রদ্ধা জানাতে সর্বধর্ম প্রার্থনা সভার আয়োজন করা হয়েছে । জেলা কংগ্রেস সভাপতি তাপস পুরকায়স্থের পৌরহিত্যে আয়োজিত সর্বধর্ম প্রার্থনা সভায় গীতা ও কোরান পাঠ করা হয়েছে । এ উপলক্ষ্যে আয়োজিত সভায় বক্তব্য রাখতে গিয়ে সভাপতি শ্রীপুরকায়স্থ প্রয়াত শিল্পীর অকাল মৃত্যুর দ্রুত তদন্ত ও সুবিচার নিশ্চিত করতে আহ্বান জানিয়েছেন । সভায় অন্যান্যদের মধ্যে প্রাক্তন জেলা কংগ্রেস

সভাপতি রজত চক্রবর্তী , বিশ্বতোষ ঘোষ , জাকারিয়া আহমেদ পান্না প্রমূখ বক্তব্য রাখেন ।

---

হাইলাকান্দি জেলার আলগাপুর-কাটলিছড়া বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত নাউড়িয়ারপারের ছাত্র হাফিজ জাবির হোসেন লস্কর সম্প্রতি কলকাতায় অনুষ্ঠিত সর্ব ভারতীয় কোরান প্রতিযোগীতায় নবম স্থান অর্জন করেছে । প্রতিযোগীতায় দেশের বিভিন্ন রাজ্য থেকে প্রায় একশর-ও অধিক প্রতিযোগীর মধ্যে জাবির হোসেন লস্কর নবম স্থান অর্জন করে । জাবির হোসেনের এই কৃতিত্বে বিভিন্ন মহল থেকে শুভেচ্ছা জানানো হয়েছে ।

---

ভারতের তনভি শর্মা আজ গৌহাটীতে অনুষ্ঠিত বি ডব্লুউ এফ বিশ্ব জুনিয়র বেডমিন্টন প্রতিযোগীতার মেয়েদের ফাইনালে থাইল্যান্ডের অন্যাপট ফিসিতফোনের কাছে পরাজিত হয়ে রুপোর পদক লাভ করেছে । তনভি ফাইনালে ৭-১৫ , ১২-১৫ গেমে পরাজিত হয় ।১৬ বছরের তনভি বিশ্বের জুনিয়র বেডমিন্টন প্রতিযোগীতার ফাইনালে প্রবেশ করা দেশের পঞ্চম ক্রীড়াবিদ । এর আগে অপর্ণা পোপটে ১৯৯৬ সালে , সাইনা নেহোয়াল ২০০৬ ২০০৮ , সিরিল বার্মা ২০১৫ ও শংকর মুথুস্বামী ২০২২ সালে এই প্রতিযোগীতার ফাইনালে প্রবেশ করেছিল । উল্লেখ্য ভারত ইতিমধ্যে এই প্রতিযোগীতার দলীয় শাখায় ব্রোঞ্জের পদক লাভ করেছে ।

---